গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা।

# "নিলাম বিজ্ঞপ্তি"

স্মারক নং ঃ প্রাঃশাঃ-২ / ২০১৫ / ৮২৮ — তারিখ ঃ ২৪.০৩.২০১৫ ইং।

| | | | |
|---|---|---|---|
| ০১. | নিলাম বিজ্ঞপ্তি নম্বর | ঃ | ০৬ (২০১৪-২০১৫ ইং)। |
| ০২. | মালামালের বিবরণ | ঃ | ঢাকার তেজগাঁওস্থ প্রধানমন্ত্রীর কার্যালয় এর বৈদ্যুতিক উপকেন্দ্রের গুদাম ঘরে রক্ষিত বহু পুরাতন / ব্যবহার অযোগ্য এইচ.টি সুইচগিয়ার এর সার্ভে রিপোর্ট। |
| ০৩. | নিলাম ডাকে অংশগ্রহনের যোগ্যতা | ঃ | গণপূর্ত অধিদপ্তরের হালনাগাদ তালিকাভূক্ত সকল শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান / বোনাফাইড ফার্ম / আগ্রহী ক্রেতা, যাদের হাল নাগাদ ট্রেড লাইসেন্স আছে । |
| ০৪. | নিলাম বিজ্ঞপ্তি প্রাপ্তির স্থান | ঃ | গণপূর্ত ই/এম বিভাগ- ১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬ / ৮ , ঢাকা। |
| ০৫. | সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ, সময় ও মূল্য | ঃ | তারিখ ঃ ০৬.০৪.২০১৫ ইং, সময় ঃ ৫-০০ ঘটিকা পর্যন্ত।<br>মূল্য ঃ প্রতি সেট ৫০০.০০ টাকা মাত্র। |
| ০৬. | নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | সীলমোহরকৃত খামে আইটেম রেট ভিত্তিতে ডাক গ্রহনের তারিখঃ ০৭.০৪.২০১৫ ইং, বেলা ঃ ১২-০০ ঘটিকা। [সর্বশেষ তারিখের পূর্বে যে কোন দিনও অফিস চলাকালীন সময়ে দরপত্র গ্রহন করা হবে]। |
| ০৭. | নিলাম দরপত্র দাখিলের স্থান (প্রধান) | ঃ | গণপূর্ত ই/এম বিভাগ- ১, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। |
| ০৮. | নিলাম দরপত্র দাখিলের স্থান (অন্যান্য) | ঃ | ক). গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা।<br>খ). গণপূর্ত ই/এম বিভাগ-৮, ঢাকা। |
| ০৮. | নিলাম ডাক খোলার তারিখ সময় ও স্থান | ঃ | তারিখ ঃ ০৭.০৪.২০১৫ ইং, সময় ঃ ১-৩০ ঘটিকা।<br>স্থান ঃ গণপূর্ত ই/এম বিভাগ- ১, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। |

০৯. **শর্তাবলী ঃ**

ক. নিলাম বিজ্ঞপ্তি তফসীল ও প্রয়োজনীয় শর্ত সম্বলিত কাগজপত্র প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র (অফেরৎযোগ্য) নগদমূল্যে সকল কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে ০৪ নং ক্রমিকে বর্ণিত দপ্তরসমূহ থেকে ক্রয় করা যাবে।

খ. নিলামে অংশগ্রহনকারীগণকে উদ্ধৃত মূল্য অংক ও কথায় সিডিউলের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করতে হবে।

গ. উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশভাগ) জামানতের অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট / পে-অর্ডার আকারে নির্বাহী প্রকৌশলী গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা এর অনুকূলে নিলাম ডাকের সাথে জমা দিতে হবে।

| Signature of the contractor<br>With full Address & Seal | Sub-Asst. Engineer<br>PWD E/M Division-1, Dhaka. | Asst. Engineer<br>PWD E/M Division-1, Dhaka. | Executive Engineer<br>PWD E/M Division-1, Dhaka. |
|---|---|---|---|

ঘ. গণপূর্ত অধিদপ্তরের হালনাগাদ তালিকাভূক্তির বই / ট্রেড লাইসেন্স, দরপত্র ক্রয়ের মূল রশিদ, হালনাগাদ আয়কর প্রত্যায়ন পত্র, বৈধ ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

ঙ. নিলাম দরপত্র সিডিউল এর প্রতিটি পৃষ্ঠায় নিলামে অংশগ্রহনকারী যথাযথ ব্যক্তির স্বাক্ষর ও সিল থাকতে হবে।

চ. যথাযথ স্বাক্ষরকারীর স্বাক্ষরযুক্ত পত্রের মাধ্যমে দরপত্র সংশোধন, প্রত্যাহার এবং প্রতিস্থাপন করা যাবে।

ছ. নিলাম দরপত্র উন্মুক্ত করার পর তা প্রত্যাহার করা হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

জ. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিলাম ডাক গৃহীত হলে সর্বোচ্চ দরদাতাকে অত্র দপ্তর থেকে চিঠির মাধ্যমে বিষয়টি অবহিত করা হবে। উক্ত অবহিতকরনের তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা অত্রাফিসে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সকল মালামাল সরিয়ে নিতে হবে।

ঝ. নিলাম দরপত্র দাখিলের পূর্বে গণপূর্ত ই/এম উপবিভাগ-২, ঢাকা এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে নিলামকৃত মালামাল দেখা যেতে পারে। নিলাম ডাকের পর মালামাল বিষয়ে কোন উজর-আপত্তি গ্রহনযোগ্য হবে না।

ঞ. সর্বোচ্চ নিলাম ডাকের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে।

ট. যথাসময়ে টাকা জমা না দিলে এবং টাকা জমা দিয়ে যথাসময়ে মালামাল বুঝে না নিলে জামানতের টাকা এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

ঠ. নিম্নস্বাক্ষরকারী কোন প্রকার কারন না দর্শিয়ে যে কোন নিলাম ডাক গ্রহন বা সকল ডাক বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

| Signature of the contractor<br>With full Address & Seal | 28.3.25<br>Sub-Asst. Engineer<br>PWD E/M Division-1, Dhaka. | Asst. Engineer<br>PWD E/M Division-1, Dhaka. | Executive Engineer<br>PWD E/M Division-1, Dhaka. |
|---|---|---|---|